2019

# BENGALI (Honours)

## Paper Code : V-A & B

[New Syllabus]

Full Marks : 100

Time : Four Hours

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example** : Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** – If alternative A of 1 is correct, then write :

  **1. – A**

- There is no negative marking for wrong answer.
- No student will be allowed to leave the examination hall before completion of the examination.
- Using abusive language or employing any other unfair means, he/she will render himself/herself liable to disqualify.
- Use of any mobile phone, calculator or log table etc. in the examination hall is prohibited, except specially instructed in the question paper.

## মাল্টি পল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code : | III | A | & | B |

Subject Name : [ ]

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

উদাহরণ — যদি 1 নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :

**1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।
- কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাচলাকালীন পরীক্ষাকেন্দ্রের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া যাবে না।
- অবাঞ্ছিত কোন শব্দ ব্যবহার করা অথবা অবৈধ কোনো কাজকর্মে লিপ্ত থাকলে ছাত্র/ছাত্রী তার পরীক্ষা বাতিলের জন্য নিজেই দায়ী থাকবে।
- প্রশ্নপত্রে নির্দেশিত বিশেষ নির্দেশ ছাড়া পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

## Paper Code : V-A

Full Marks : 20

Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 2 marks.

1. ক্যালকাটা থিয়েটার প্রতিষ্ঠিত হয়—

(A) ১৭৯৫ খ্রি.

(B) ১৭৭৫ খ্রি.

(C) ১৭৭০ খ্রি.

(D) ১৭৯০ খ্রি.

2. হিন্দু কলেজের অধ্যক্ষ ক্যাপ্টেন ডি. এল. রিচার্ডসন এই কলেজের সঙ্গে যুক্ত ছিলেন—

(A) চৌরঙ্গী

(B) বেলগাছিয়া

(C) মিসেস ব্রিস্টোর থিয়েটার

(D) সাঁ-সুসি থিয়েটার

3. বৈষ্ণব চরণ আঢ্য কোন্ রঙ্গালয়ে প্রথম ওথেলোর ভূমিকায় অভিনয় করেন?

(A) দ্য নিউ প্লে হাউস

(B) দমদম থিয়েটার

(C) সাঁ-সুসি থিয়েটার

(D) বৈঠকখানা থিয়েটার

Turn Over

4. বাঙালির দ্বারা প্রতিষ্ঠিত প্রথম সখের নাট্যশালা হল—

(A) জোড়াসাঁকো থিয়েটার

(B) হিন্দু থিয়েটার

(C) বেলগাছিয়া থিয়েটার

(D) বীনা থিয়েটার

5. 'মিনার্ভা থিয়েটার'-এর প্রতিষ্ঠাতা—

(A) প্রসন্নকুমার ঠাকুর

(B) উৎপল দত্ত

(C) শম্ভু মিত্র

(D) নগেন্দ্রভূষণ মুখোপাধ্যায়

6, শিশির কুমার ভাদুড়ী প্রতিষ্ঠা করেন—

(A) কোহিনুর

(B) এমারেল্ড থিয়েটার

(C) নবনাট্য মন্দির

(D) স্টার থিয়েটার

7. 'ঘুম নেই' নাটকে যে পুলটি ভেঙেছিল, সেটি কোন্ নদীর উপর ছিল?

(A) মহানন্দা

(B) তিস্তা

(C) পাগলাচণ্ডী

(D) আত্রেয়ী



8. 'ঘুম নেই' নাটকে পেট্রোল সিফ্‌ন করতে গিয়ে কার পেটে এক ঢোক পেট্রোল চলে যায়?

(A) হাজরা

(B) কনস্টেবল

(C) এককড়ি

(D) সাধন

9. উদয়াদিত্য যে নাটকের চরিত্র—

(A) 'বিদ্যুৎপর্ণা'

(B) 'রাক্ষস'

(C) 'ঘুম নেই'

(D) কোনোটিই নয়

10. 'জমীদার দর্পণ' নাটকের প্রথম অঙ্ক-প্রথম দৃশ্য সংঘটিত হয়—

(A) জমীদারের অন্দর মহলে

(B) জমীদারের বৈঠকখানায়

(C) জামালের খামারে

(D) আবুমোল্লার বাড়িতে

11. আবু মোল্লাকে ধরে আনতে গিয়েছিল যে পেয়াদা —

(A) হায়াৎ

(B) কামাল

(C) জামাল

(D) তৌফিক

*Turn Over*

12. 'জমীদার দর্পণ'-এর এই চরিত্রটিকে 'নীলদর্পণ' নাটকের পদী ময়রানীর সঙ্গে তুলনা করা হয়—

(A) কৃষ্ণমণি

(B) কৃষ্ণভামিনী

(C) রুক্মিণী

(D) বিনোদিনী

13. কোন্ অঙ্কে নুরুন্নেহারের মৃত্যু হয়?

(A) ১ম

(B) ২য়

(C) ৩য়

(D) ৪র্থ

14. 'ডাকঘর' নাটকে মাধব দত্ত কাকে 'ছেলে খ্যাপাধার সর্দার' বলেছেন—

(A) ছেলের দল-কে

(B) ঠাকুরদা-কে

(C) কবিরাজ-কে

(D) প্রহরী-কে

15. 'ঘণ্টা এই কথা সবাইকে বলে, সময় বসে নেই, সময় কেবলই বয়ে যাচ্ছে'—বক্তা

(A) অমল

(B) ঠাকুরদা

(C) মোড়ল

(D) প্রহরী

16. আমি চাষার ছেলে চাষা। তোমার মত মেকি?' —বক্তা

(A) মহিম

(B) রহিম

(C) সুশান্ত

(D) ভবেশ

17. যুদ্ধের চাঁদা, প্রজার মাঙ্গন। প্রজার দেওয়ায় লাগে বক্তা কে?

(A) হাকিম

(B) শ্রীমন্ত

(C) মহিম

(D) রহিম

18. 'ছেঁড়া তার' নাটকে গান আছে—

(A) পাঁচটি

(B) চারটি

(C) ছয়টি

(D) সাতটি

19. '...সময়ের থেকে দামী কিছু নেই। আমাদের সময় ফুরিয়ে যাচ্ছে।' —কোন্ নাটকের অংশ?

(A) 'বিদ্যুৎপর্ণা'

(B) 'রাক্ষস'

(C) 'ঘুম নেই'

(D) 'ছেঁড়া তার'

20. 'ওটা আমি পরিয়েছি, আমার কথামতো চলতে হবে।' —বক্তা?

(A) শঙ্খমালা

(B) উদয়াদিত্য

(C) মহারাজ

(D) লেখক

---



2019

# BENGALI (Honours)

## Paper Code : V-B

## [New Syllabus]

Full Marks : 80 | Time : Three Hours Thirty Minutes

*দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।*

১। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

(ক) ট্র্যাজেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। এই প্রসঙ্গে ক্যাথারসিসের ভূমিকা নির্ণয় করো। ১০

**অথবা,**

গ্রীক ট্র্যাজেডি ও শেক্‌সপীরিয়ান ট্র্যাজেডির মধ্যে পার্থক্য কী? দৃষ্টান্তসহ আলোচনা করো।

(খ) 'সামাজিক নাটক' কাকে বলে? একটি বাংলা সামাজিক নাটকের বিশ্লেষণ করে তার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ১০

**অথবা,**

'ঐতিহাসিক নাটক' কাকে বলে? 'ঐতিহাসিক নাটক' ও 'ইতিহাসাশ্রয়ী নাটক'-এর মধ্যে পার্থক্য কী? এই দুই শ্রেণির নাটকের দৃষ্টান্তসহ বিশ্লেষণ করো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৮×১=৮

(ক) হেরাসিম লেবেদফ কে? বাংলা মঞ্চনির্ভর নাট্যধারায় তার স্থান কোথায়? তার প্রতিষ্ঠিত 'বেঙ্গলী থিয়েটার'-এর অভিনয় ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৩+৪

(খ) বাংলার শৌখিন নাট্যশালার উৎপত্তির ইতিহাস বিবৃত করে যে কোন একটি শৌখিন রঙ্গালয়ের প্রতিষ্ঠা অভিনয় ধারা ও বিলুপ্তির সংক্ষিপ্ত ইতিহাস বিবৃত করো। ৮

(গ) রবীন্দ্রনাথ তাঁর নাটকের মধ্য দিয়ে যে বিশিষ্ট মঞ্চকলা বা মঞ্চভাবনার পরিচয় দিয়েছেন, তা নানা কারণে অভিনবত্বের দাবি করে—আলোচনা করো। ৮

৩। "জমীদার দর্পণ'-নাটকে কৃষকদের প্রতি নাট্যকারের গভীর মমত্ববোধ ও সহানুভূতি প্রকাশিত হয়েছে"—নাট্যকাহিনী অবলম্বনে এই উক্তির যথার্থতা বিচার করো। ১৪

অথবা,

'জমীদার দর্পণ' নাটকে দুই শ্রেণির চরিত্র আছে, অত্যাচারী ও অত্যাচারিত।—উভয় শ্রেণির একটি করে চরিত্র বিশ্লেষণ করো।

৪। 'ডাকঘর' নাটক নয়, যেন একটি কবিতা'—এই মন্তব্যের প্রেক্ষিতে 'ডাকঘর' নাটকের গীতিধর্মিতা আলোচনা করো। ১৪

অথবা,

'মৃত্যুই অমলের মুক্তির দূত, তার পরম বন্ধু'—এই গভীর দার্শনিক চেতনা কী করে নাটকে ফুটিয়ে তোলা হয়েছে আলোচনা করো।

৫। 'ছেঁড়াতার' একই সঙ্গে পরাজয় ও প্রতিবাদের নাটক—আলোচনা করো। ১৪

অথবা,

'ছেঁড়াতার' নাটকের নায়িকার চরিত্রটি ভুল ভ্রান্তি দ্বিধা-দ্বন্দ্ব ও হতাশায় এক খাঁটি ট্র্যাজিক নারী চরিত্র হয়ে উঠেছে—আলোচনা করো।

৬। 'কত সহস্র জনের রঙিন কামনা, রঙিন কল্পনায় ঐ রূপ ঐ মূর্তি গড়ে উঠেছে'—বিদ্যুৎপর্ণা চরিত্র অবলম্বনে এই উক্তির সত্যতা নিরূপণ করো। ১০

অথবা,

ট্রাক ড্রাইভারদের জীবনযুদ্ধের নাটক লিখে উৎপল দত্ত শ্রমিক শ্রেণির প্রতি তার দায়বদ্ধতারই পরিচয় দিয়েছেন—'ঘুম নেই' নাটক অবলম্বনে এই উক্তির যথার্থতা বিচার করো। ১০

---

2019

# BENGALI (Honours)

## Paper Code : VI-A & B

[New Syllabus]

Full Marks : 100

Time : Four Hours

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example** : Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : ____________

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** — If alternative A of 1 is correct, then write :

  **1. — A**

- There is no negative marking for wrong answer.
- No student will be allowed to leave the examination hall before completion of the examination.
- Using abusive language or employing any other unfair means, he/she will render himself/herself liable to disqualify.
- Use of any mobile phone, calculator or log table etc. in the examination hall is prohibited, except specially instructed in the question paper.

## মাল্টি পল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

  **উদাহরণ** — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : ______________

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

  **উদাহরণ** — যদি **1** নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :

  **1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।
- কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাচলাকালীন পরীক্ষাকেন্দ্রের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া যাবে না।
- অবাঞ্ছিত কোন শব্দ ব্যবহার করা অথবা অবৈধ কোনো কাজকর্মে লিপ্ত থাকলে ছাত্র/ছাত্রী তার পরীক্ষা বাতিলের জন্য নিজেই দায়ী থাকবে।
- প্রশ্নপত্রে নির্দেশিত বিশেষ নির্দেশ ছাড়া পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

## Paper Code : VI-A

Full Marks : 20

Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

1. 'বীরাঙ্গনা' কাব্যটি রচিত হয়—

   (A) ১২৬১ বঙ্গাব্দে

   (B) ১২৬৭ বঙ্গাব্দে

   (C) ১২৬৮ বঙ্গাব্দে

   (D) ১২৭০ বঙ্গাব্দে

2. "দ্বিরদ-রদ-নির্ম্মিত দুয়ারে দুয়ারী" — 'দ্বিরদ' কথাটির অর্থ হল—

   (A) হাতি

   (B) ঘোড়া

   (C) বানর

   (D) গাধা

3. জাহ্নবী হলেন—

   (A) জহ্নুকন্যা

   (B) গঙ্গা

   (C) ভাগীরথী

   (D) পদ্মা

Turn Over

4. "বিতংসে কে বা বাঁধে কেশরীরে?"—'বিতংস' কথাটির অর্থ হল—

(A) ফাঁদ

(B) ডাল

(C) গাছ

(D) লতা

5. 'বধূ' কবিতাটি রচিত হয়—

(A) ১৮৮২ সালে

(B) ১৮৮৫ সালে

(C) ১৮৮৮ সালে

(D) ১৮৯১ সালে

6. "পাপের তিমির পুড়ে যায় জ্বলে
কোথা সে পুণ্যজ্যোতি!"—কোন্ কবিতার অংশ?

(A) নিষ্ফল কামনা

(B) বধূ

(C) সুরদাসের প্রার্থনা

(D) অহল্যার প্রতি

7. 'মেঘদূত' কবিতাটি রচিত হয়—

(A) ১৮৮৭ সালে

(B) ১৮৮৮ সালে

(C) ১৮৮৯ সালে

(D) ১৮৯০ সালে



8. "আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত
প্রভাতরশ্মিসম।"—কোন্ কবিতার অংশ?

(A) বধূ

(B) সুরদাসের প্রার্থনা

(C) মেঘদূত

(D) নিষ্ফল কামনা

9. "তুমি বিশ্ব-পানে চেয়ে মানিছ বিস্ময়,
বিশ্ব তোমা-পানে চেয়ে কথা নাহি কয়;"
—কোন্ কবিতার অংশ?

(A) অহল্যার প্রতি

(B) বধূ

(C) মেঘদূত

(D) নিষ্ফল কামনা

10. "পূজাগৃহে তোলে রক্তমাখানো ধ্বজা—
দেবতার নামে এ যে শয়তান ভজা।"
—কোন্ কবিতার অংশ?

(A) জীবন দেবতা

(B) ধর্মমোহ

(C) যুদ্ধের দামামা উঠল বেজে

(D) রোমান্টিক

Turn Over

11. 'চোর' কবিতাটি গিরিন্দ্রমোহিনী দেবীর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(A) কবিতাহার

(B) শিখা

(C) অশ্রুকণা

(D) অর্ঘ্য

12. মানকুমারী বসু ছিলেন মধুসূদন দত্তের—

(A) বোন

(B) মাসি

(C) পিসি

(D) ভাইঝি

13. "এ অভাগা দেশে জ্ঞানের আলোক আনো"—কোন্ কবিতার অংশ?

(A) ঐ মহামানব আসে

(B) রোমান্টিক

(C) ধর্মমোহ

(D) জীবন দেবতা

14. "ক্ষুধা মিটাবার খাদ্য নহে যে মানব,
কেহ নহে তোমার আমার।"—কোন্ কবিতার অংশ?

(A) জীবন দেবতা

(B) নিষ্ফল কামনা

(C) সুরদাসের প্রার্থনা

(D) বধূ



15. 'নিষ্ফল কামনা' কবিতাটি রচিত হয়—

(A) ১৩ই অগ্রহায়ণ ১৮৮৭

(B) ১৫ই অগ্রহায়ণ ১৮৮৭

(C) ২৩ই জ্যৈষ্ঠ ১৮৮৮

(D) ৮ই জ্যৈষ্ঠ ১৮৯০

16. 'চোর' কবিতাটি কী ধরনের কবিতা?

(A) করুণ রসের

(B) বেদনার

(C) দুঃখের

(D) বাৎসল্যের

17. কামিনী রায়ের 'আলো ও ছায়া' কাব্যগ্রন্থটি রচিত হয়—

(A) ১৮৮৭ সালে

(B) ১৮৮৮ সালে

(C) ১৮৮৯ সালে

(D) ১৮৯০ সালে

18. কবি দ্বিজেন্দ্রলাল রায় জন্মগ্রহণ করেন—

(A) ১৮৬৩ সালে

(B) ১৮৬৪ সালে

(C) ১৮৬৫ সালে

(D) ১৮৬৬ সালে

1 19. 'শাশ্বতী' কবিতাটিতে কয়টি স্তবক আছে?

(A) ২ টি

(B) ৩ টি

(C) ৪ টি

(D) ৫ টি

1 20. "বুঝি খায়

প্রচণ্ড কিরাত!"—'কিরাত' কথাটির অর্থ হল—

(A) যোদ্ধা

(B) সেনাপতি

(C) ব্যাধ

(D) বন্য প্রাণী বিশেষ

1

1

---







2019

# BENGALI (Honours)

## Paper Code : VI-B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

*দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।*

১। উনিশ শতকের নারী ব্যক্তিত্বের জাগরণ কীভাবে এবং কতটা 'বীরাঙ্গনা' কাব্যে রূপায়িত হয়েছে যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১৪

**অথবা,**

'বীরাঙ্গনা' কাব্যে নারী চরিত্রগুলির মধ্যে সর্বাপেক্ষা শক্তিশালী এবং প্রতিবাদী চরিত্র জনা—আলোচনা করো। ১৪

২। রবীন্দ্রনাথ ঠাকুরের 'মানসী' কাব্যের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করে এর যাথার্থ্য নিরূপণ করো। ১৪

**অথবা,**

'সুরদাসের প্রার্থনা' কবিতা অবলম্বনে কবি রবীন্দ্রনাথ ঠাকুরের সৌন্দর্য-চেতনার স্বরূপ বিশ্লেষণ করো। ১৪

৩। 'ঐ মহামানব আসে' কবিতাটি কোন্ মূল কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে? কবিতাটিতে কবির আশাবাদী চিন্তা-চেতনার যে সুস্পষ্ট প্রকাশ ঘটেছে তার স্বরূপ বিশ্লেষণ করো। ২+১০=১২

**অথবা,**

'রোমান্টিক' কবিতাটি রবীন্দ্রনাথের কোন্ কাব্যের অন্তর্গত? কবিতাটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১২

*Turn Over*

৪। (ক) কবি দ্বিজেন্দ্রলাল রায়ের 'আমার দেশ' কবিতাটির নামকরণ যথার্থ হয়েছে কিনা যুক্তিসহ বিচার করো। ১০

অথবা,

গীতি কবিতা বলতে কী বোঝ? কামিনী রায়ের 'চাহিবে না ফিরে' কবিতাটি সার্থক গীতি কবিতা হয়ে উঠতে পেরেছে কিনা আলোচনা করো। ২+৮=১০

(খ) 'চোর' কবিতাটি কার লেখা কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে? কবিতাটি বিশ্লেষণ করে কবির গার্হস্থ্য-ভাবনার স্বরূপ নির্ধারণ করো। ২+৮=১০

অথবা,

মানকুমারী বসুর 'স্মৃতিপূজা' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করো। ১০

৫। (ক) কবি বুদ্ধদেব বসুর 'দ্রৌপদীর শাড়ি' কবিতার নামকরণে মিথের ব্যবহারের তাৎপর্য আলোচনা করো। ১০

অথবা,

'তিমির হননের গান' কবিতায় কবি জীবনানন্দ দাশ কীভাবে মানসিক দ্বিধা-দ্বন্দ্ব কাটিয়ে শেষপর্যন্ত আশাবাদী হয়ে উঠেছেন—উপযুক্ত দৃষ্টান্তসহ সে সম্পর্কে আলোচনা করো।

(খ) সুধীন্দ্রনাথ দত্তের 'শাশ্বতী' কবিতাটি বিশ্লেষণ করে সেখানে উপমা ও চিত্রকল্প ব্যবহারের কাব্যিক—উপযোগিতা বিচার করো। ১০

অথবা,

"জীবনের আশাপূর্ণ হয়নি, তবু জীবনকেই বেছেছেন"—শক্তি চট্টোপাধ্যায়ের 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতা অবলম্বনে মন্তব্যটির সার্থকতা নিরূপণ করো।

---

2019

# BENGALI (Honours)

## Paper Code : VII-A & B

## [New Syllabus]

Full Marks : 100 | Time : Four Hours

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example** : Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** — If alternative A of 1 is correct, then write :

  **1. — A**

- There is no negative marking for wrong answer.
- No student will be allowed to leave the examination hall before completion of the examination.
- Using abusive language or employing any other unfair means, he/she will render himself/herself liable to disqualify.
- Use of any mobile phone, calculator or log table etc. in the examination hall is prohibited, except specially instructed in the question paper.

## মাল্টি পল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code : | III | A | & | B |

Subject Name : ______

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

উদাহরণ — যদি 1 নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে

**1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।
- কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাচলাকালীন পরীক্ষাকেন্দ্রের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া যাবে না।
- অবাঞ্ছিত কোন শব্দ ব্যবহার করা অথবা অবৈধ কোনো কাজকর্মে লিপ্ত থাকলে ছাত্র/ছাত্রী তার পরীক্ষা বাতিলের জন্য নিজেই দায়ী থাকবে।
- প্রশ্নপত্রে নির্দেশিত বিশেষ নির্দেশ ছাড়া পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

## Paper Code : VII-A

Full Marks : 20

Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

1. 'আরণ্যক' উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কত?

   (A) ১৫ টি

   (B) ১৬ টি

   (C) ১৭ টি

   (D) ১৮ টি

2. 'রহুচণ্ডালের হাড়', উপন্যাসটি কত সালে রচিত হয়?

   (A) ১৯৮২ সালে

   (B) ১৯৮৩ সালে

   (C) ১৯৮৪ সালে

   (D) ১৯৮৫ সালে

3. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি কয়টি অধ্যায়ে বিভক্ত?

   (A) আটটি

   (B) নয়টি

   (C) দশটি

   (D) এগারোটি

Turn O

4. 'আরণ্যক' উপন্যাসে দোবরুপান্নার বংশের সমাধি কোন্ পাহাড়ে রয়েছে।

(A) অযোধ্যা পাহাড়ে

(B) পাক্ষেৎ পাহাড়ে

(C) ধন্ঝরি পাহাড়ে

(D) গোর্গাবুরু

5. 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসটি কত সালে 'বঙ্কিম পুরস্কার' লাভ করে—

(A) ১৯৯১ সাল

(B) ১৯৯২ সাল

(C) ১৯৯৩ সাল

(D) ১৯৯৪ সাল

6. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে কিশোর মারা যাওয়ার কতদিন পরে অনন্তর মা মারা যায়—

(A) চারদিন

(B) পাঁচদিন

(C) ছয়দিন

(D) সাতদিন

7. 'হারানের নাতজামাই' ছোট গল্পে গাঁয়ে কখন পুলিশ হানা দিয়েছিল?

(A) দুপুর বেলা

(B) বিকেল বেলা

(C) সন্ধ্যে বেলা

(D) মাঝরাতে

8. 'বিধবা রতিমঞ্জরী' গল্পে মনোমঞ্জরীর স্বামীর নাম কী?

(A) অক্ষয়

(B) সুকুমার

(C) সুরেশ

(D) মোহনলাল

9. 'রহু চণ্ডালের হাড়' উপন্যাসে বাজীকরদের দলে কোন্ প্রাণী থাকে না—

(A) বেজি

(B) ভালুক

(C) সাপ

(D) বাঁদর

10. 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে কুমারী মেয়েদের মাঘ মণ্ডলের ব্রত পালনের উদ্দেশ্য কী?

(A) অভাব দূর করা

(B) বিবাহের জন্য

(C) সন্তান কামনায়

(D) নদীর দেবতাকে সন্তুষ্ট করার জন্য

11. 'হারানের নাতজামাই' গল্পটির প্রেক্ষাপট কী?

(A) তেভাগা আন্দোলন

(B) বঙ্গভঙ্গ আন্দোলন

(C) কৃষক বিদ্রোহ

(D) সাঁওতাল বিদ্রোহ

12. 'বিধবা রতিমঞ্জরী' গল্পে মোহনবাবুর কয়টি সন্তান?

(A) তিনটি

(B) চারটি

(C) পাঁচটি

(D) ছয়টি

13. 'রানীঘাটের বৃত্তান্ত' গল্পে 'অন্নপূর্ণা-টি-স্টলের মালিকের নাম—

(A) ভোলানাথ

(B) জগন্নাথ

(C) ষষ্ঠীপদ

(D) শ্যামাপদ

14. 'ছিন্নমস্তা' গল্পে প্রতিভার বাপের বাড়িতে প্রতিদিন যতরকমের মাছ রান্না হয়—

(A) এক রকমের

(B) দুই রকমের

(C) তিন রকমের

(D) চার রকমের

15. 'বনের রাজা' গল্পে মতি কিসের ছুটিতে দাদুর বাড়িতে এসেছিল—

(A) সামারের ছুটিতে

(B) উইন্টারের ছুটিতে

(C) ক্রীসমাসের ছুটিতে

(D) পূজা ভেকেশনে

16. 'ছিন্নমস্তা' গল্পে বিমলেন্দু মারা যায়—

(A) ট্রেনে কাটা পড়ে

(B) জলে ডুবে

(C) যক্ষ্মা রোগে

(D) বাসে চাপা পড়ে

17. 'রানীঘাটের বৃত্তান্ত' গল্পে জগন্নাথের মেয়ের নাম কী?

(A) টুকটুকি

(B) টুম্পা

(C) টুনি

(D) তিত্‌লি

18. 'বনের রাজা' গল্পে মতির দাদুর নাম কী?

(A) গোপাল

(B) মঙ্গল

(C) কালীচরণ

(D) সারদা

19. 'ছিন্নমস্তা' ছোটগল্পে জয়াবতীর স্বামীর নাম কী?

(A) দেবনাথ

(B) ভোলানাথ

(C) সারদা

(D) অক্ষয়

20. 'রানীঘাটের বৃত্তান্ত' গল্পে ইসমাইল যে পেশার সঙ্গে যুক্ত—

(A) মাঝি

(B) ড্রাইভার

(C) শিক্ষক

(D) দোকানদার

---





2019

# BENGALI (Honours)

## Paper Code : VII-B

## [New Syllabus]

Full Marks : 80 — Time : Three Hours Thirty Minutes

*দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' উপন্যাসে লেখক প্রকৃতি ও মানুষের পারস্পরিক সম্পর্কের যে চিত্র অঙ্কন করেছেন তা আলোচনা করো। ১৬

**অথবা,**

'আরণ্যক' উপন্যাস অবলম্বনে বিভূতিভূষণের ইতিহাস চেতনার পরিচয় দাও। ১৬

২। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসটি কতখানি সার্থক তা আলোচনা করো। ১৬

**অথবা,**

'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে ভাষাশৈলীর বিশিষ্টতা আলোচনা করো। ১৬

৩। অভিজিৎ সেন-এর 'রহুচণ্ডালের হাড়' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১৬

**অথবা,**

'রহুচণ্ডালের হাড়' উপন্যাসে 'মিথ' কীভাবে উপন্যাসটির অপরিহার্য অঙ্গ হয়ে উঠেছে উপযুক্ত উদ্ধৃতিসহ দেখাও। ১৬

*Turn Over*

৪। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১২×২=২৪

(ক) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারানের নাতজামাই' গল্পটির রাজনৈতিক পটভূমি বিশ্লেষণ করো। ১২

(খ) 'বনের রাজা' গল্পে প্রকৃতির আদিমতা গল্পকার পাঠকের সামনে ধীরে ধীরে তুলে ধরেছেন।—আলোচনা করো। ১২

(গ) আশাপূর্ণা দেবীর 'ছিন্নমস্তা' গল্পে জয়াবতী চরিত্রের শিল্প সার্থকতা আলোচনা করো। ১২

(ঘ) জগদীশ গুপ্তের 'বিধবা রতিমঞ্জরী' গল্পের সমাপ্তি শিল্পসম্মত হয়েছে কিনা—আলোচনা করো। ১২

৫। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) 'হারানের নাতজামাই' গল্পে ময়নার মা চরিত্রটির পরিচয় দাও। ৪

(খ) 'বিধবা রতিমঞ্জরী' গল্পটির রচয়িতা কে? রতিমঞ্জরী সংবাদপত্রের বিজ্ঞাপনে যা লিখেছিল তা নিজের ভাষায় বর্ণনা করো। ১+৩=৪

(গ) "চিতার দিকে চাহিয়া চাহিয়া বদনের চোখ দিয়া জল গড়াইয়া পড়িতে লাগিল।"—বদন কার চিতার দিকে তাকিয়ে ছিল? সেই চিতার দিকে তাকিয়ে তার চোখ থেকে জল পড়ার কারণ কী? ১+৩=৪

(ঘ) "আলপনা দেওয়া যে তোর আর এগোচ্ছেনা মন্টি? বৌ এসে কী কাঁচা পিটুলিতে পা দেবে?"—উক্তিটি কার? আলপনা দেবার উদ্দেশ্য কী? ১+৩=৪

---

2019

# BENGALI (Honours)

**Paper Code : VIII-A & B**

**[New Syllabus]**

Full Marks : 100 | Time : Four Hours

## Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example :** Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** — If alternative A of 1 is correct, then write :

  **1. — A**

- There is no negative marking for wrong answer.
- No student will be allowed to leave the examination hall before completion of the examination.
- Using abusive language or employing any other unfair means, he/she will render himself/herself liable to disqualify.
- Use of any mobile phone, calculator or log table etc. in the examination hall is prohibited, except specially instructed in the question paper.

## মাল্টি পল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

  উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

  উদাহরণ — যদি **1** নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :

  **1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।
- কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাচলাকালীন পরীক্ষাকেন্দ্রের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া যাবে না।
- অবাঞ্ছিত কোন শব্দ ব্যবহার করা অথবা অবৈধ কোনো কাজকর্মে লিপ্ত থাকলে ছাত্র/ছাত্রী তার পরীক্ষা বাতিলের জন্য নিজেই দায়ী থাকবে।
- প্রশ্নপত্রে নির্দেশিত বিশেষ নির্দেশ ছাড়া পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

**Paper Code : VIII-A**

Full Marks : 20

Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

1. 'বিক্রমোবর্শী' হল একটি—

   (A) কাব্য

   (B) নাটক

   (C) গদ্যকাব্য

   (D) মহাকাব্য

2. শিক্ষিকা ছিলেন ভগবন্ত রাওয়ের স্ত্রী, না গুণবন্ত রাওয়ের স্ত্রী?

   (A) ভগবন্ত রাও-এর স্ত্রী

   (B) গুণবন্ত রাও-এর স্ত্রী

   (C) দেশমুখের স্ত্রী

   (D) কারুরই স্ত্রী নয়

3. 'মালতীমাধব' নাটকটি কয় অঙ্কের প্রকরণ শিল্প—

   (A) বারো অঙ্ক

   (B) আট অঙ্ক

   (C) দশ অঙ্ক

   (D) নয় অঙ্ক

Turn Over

4. 'বিগফুল' কথাটি কোন্ খেলার পর ব্যবহৃত হতো?

(A) কাবাডি খেলার পর

(B) ক্রিকেট খেলার পর

(C) লুডো খেলার পর

(D) তাস খেলার পর

5. 'রঘুবংশম্' কোন্ জাতীয় রচনা?

(A) কাব্য

(B) নাটক

(C) খণ্ডকাব্য

(D) গদ্যকাব্য

6. 'বসন্তসেনা' কোন্ নাটকের চরিত্র?

(A) মৃচ্ছকটিক

(B) মালতীমাধব

(C) অভিজ্ঞান শকুন্তলম্

(D) মালবিকাগ্নিমিত্রম্

7. 'ভেঙ্কটিগ' কোন্ গ্রামের লোক?

(A) বেঙ্গালুরুর

(B) পাহাড়পুরার

(C) চিন্তামনিগঞ্জের

(D) সাহেবগঞ্জের



8. 'ধ্বনিবাদ' সম্পর্কিত আকর গ্রন্থটির নাম হল—

(A) কাব্যজিজ্ঞাসা

(B) কাব্যমীমাংসা

(C) সাহিত্যদর্পণ

(D) ধ্বন্যালোক

9. 'অভিব্যক্তিবাদ'-এর প্রতিষ্ঠাতা কে?

(A) ভট্টোলোল্লট

(B) ভট্টশঙ্কু

(C) অভিনব গুপ্ত

(D) ভট্টনায়ক

10. 'সদ্‌গতি' গল্পের লেখক হলেন—

(A) ভারতেন্দু হরিশ্চন্দ্র

(B) প্রেমচন্দ

(C) সুমিত্রানন্দন পন্থ

(D) মৈথিলীশরণ গুপ্ত

11. 'সাকেত' কাব্যটির রচয়িতা হলেন—

(A) মৈথিলীশরণ গুপ্ত

(B) ভারতেন্দু হরিশ্চন্দ্র

(C) সুমিত্রানন্দন পন্থ

(D) প্রেমচন্দ

12. 'গোদান' হল প্রেমচন্দের বিখ্যাত—

(A) ছোট গল্প

(B) উপন্যাস

(C) নাটক

(D) কাব্য

13. আধুনিক 'ছায়াবাদী' কবি হলেন—

(A) মৈথিলীশরণ গুপ্ত

(B) প্রেমচন্দ

(C) ভারতেন্দু হরিশ্চন্দ্র

(D) সুমিত্রানন্দন পন্থ

14. 'তাহা অনুকরণ নহে, তাহা সৃষ্টি'—উদ্ধৃত অংশটি রবীন্দ্রনাথের কোন্ প্রবন্ধের অন্তর্গত?

(A) সৌন্দর্যবোধ

(B) সাহিত্যের সামগ্রী

(C) সাহিত্যের তাৎপর্য

(D) কাব্য : স্পষ্ট ও অস্পষ্ট

15. রবীন্দ্রনাথের 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে নিম্নলিখিত কোন্ অংশটি রয়েছে?

(A) 'লেখকের প্রধান লক্ষ্য পাঠক-সমাজ'।

(B) 'সাহিত্যে সেই চিরস্থায়িত্বের চেষ্টাই মানুষের প্রিয় চেষ্টা'।

(C) 'নীরব কবিত্ব এবং আত্মগত ভাবোচ্ছ্বাস সাহিত্যে এই দুটো বাজে কথা, প্রকাশই কবিত্ব।

(D) 'রচনা শক্তির নৈপুণ্যও সাহিত্যে মহামূল্য'।

16. 'বাবা' গল্পে ৯ (নয়) তারিখ কী বার ছিল?

(A) সোমবার

(B) মঙ্গলবার

(C) বুধবার

(D) শুক্রবার

17. 'প্রায় দুশো মাইল না যাওয়া অবধি সে থামল না।'—কে থামল না?

(A) ভেঙ্কটিগ

(B) শ্রীরাম

(C) জ্যোতিষী

(D) ভগবন্তরাও

18. 'গীতগোবিন্দ'-এর রচয়িতা জয়দেবের জন্ম—

(A) মিথিলায়

(B) নানুরে

(C) কেন্দুবিল্ব গ্রামে

(D) নবদ্বীপে

19. 'দাদীআম্মা' গল্পে মেহেরাঁর সন্তান সংখ্যা ক'টি?

(A) তিন ছেলে ও দুই মেয়ে

(B) তিন মেয়ে ও দুই ছেলে

(C) চার ছেলে ও এক মেয়ে

(D) দুই ছেলে ও তিন মেয়ে

Turn Ov

20. 'গুরু নায়ক' কোন্ গল্পের চরিত্র?

(A) দাদীআম্মা

(B) জ্যোতিষী জীবনে একটিদিন

(C) বাবা

(D) ভেঙ্কটিগড়ের বউ

---





2019

# BENGALI (Honours)

## Paper Code : VIII-B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

*দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। (ক) বাণভট্টের 'কাদম্বরী' গদ্য কাব্যের কাহিনি রচনার পরিচয় দাও। ১০

**অথবা,**

শূদ্রক মানুষের বাস্তব জীবন ও চারিত্রিক বৈশিষ্ট্য অবলম্বনে যে নাটক লিখেছেন তা সংস্কৃত নাট্য সাহিত্যে অভিনব সৃষ্টি—আলোচনা করো। ১০

(খ) মহাকবি গ্যেটে কালিদাসের 'অভিজ্ঞান শকুন্তলম' নাটককে স্বর্গ ও মর্ত্যের মিলনকেন্দ্র বলেছেন। এই মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০

**অথবা,**

ভবভূতির নাটকগুলিতে সেকালের সমাজের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করে দেখাও। ১০

২। 'জ্যোতিষী জীবনের একদিন' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

**অথবা,**

শান্তারামের 'বাবা' গল্পে বাবা চরিত্রটিকে যেভাবে রচনা করেছেন তা গল্পটি আলোচনা করে লেখকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১০

*Turn Over*

৩। 'ভেঙ্কটিগড়ের বউ' গল্পে কোন্ কোন্ পাখির কথা আছে? পাখিগুলির বর্ণনা দাও। এই গল্পে কোন্ পাহাড়ের কথা বলা হয়েছে? এই গল্পের কথক কে? ১+২+১+১=৫

অথবা,

"আম্মাকে এখন কে বোঝাবে যে এসব পুরোনো কথা পুরোনো দিনের সঙ্গেই বিদায় নিয়েছে।"—কোন্ প্রসঙ্গে এই পুরোনো কথা? কোন্ উপলক্ষ্যে এই কথা বলা হয়েছে? দাদী আম্মার সঙ্গে তার সম্পর্ক কি? ৩+১+১=৫

৪। হিন্দি সাহিত্যের ইতিহাসে নাট্যকার ভারতেন্দু হরিশ্চন্দ্রের নাট্যসৃষ্টি বিষয়ে আলোচনা করো। ১০

অথবা,

হিন্দি ছোট গল্প রচনায় প্রেমচন্দের অবদান সম্পর্কে লেখো। ১০

৫। রস নিষ্পত্তির ক্ষেত্রে সাধারণীকরণের ভূমিকা আলোচনা করো। ১০

অথবা,

"কাব্যের আত্মা ধ্বনি বলে যারা আরম্ভ করেছেন, কাব্যের আত্মারস বলে তাঁরা উপসংহার করেছেন"—আলোচনা করো। ১০

৬। "সৌন্দর্য মূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।"—আলোচনা করো। ১০

অথবা,

"ভাষার মধ্যে ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে—চিত্র এবং সঙ্গীত"—প্রাবন্ধিকের অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০



৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ৮×১=৮

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মুসলমান কবিদের অবদান

(খ) মঙ্গলকাব্যে নারী চরিত্র

(গ) স্বাধীনোত্তর বাংলা উপন্যাসে উত্তরবঙ্গের জনজীবন

(ঘ) চল্লিশ পরবর্তী বাংলা রাজনৈতিক কবিতা

(ঙ) বাংলা ব্যতীত অন্যান্য ভারতীয় ভাষার ছোট গল্প

(চ) সত্তর-পরবর্তী বাংলা কথাসাহিত্যে পরিবেশ-চেতনা

(ছ) সাম্প্রতিক বাংলা কবিতার প্রকরণ ও প্রবণতা